

# রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস দাবিতে মহাসড়ক অবরোধ ও বিক্ষেপ

সিরাজগঞ্জ ও শাহজাদপুর প্রতিনিধি  
০৮ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক **আমাদের সময়**



রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের দাবিতে মহাসড়ক অবরোধ করে বিক্ষেপ সমাবেশ করেছে শাহজাদপুর স্থানীয় জনগণ, রাজনৈতিক দল, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনসমূহ। গতকাল রবিবার সকাল ১০টায় শাহজাদপুরের বিসিক বাসস্ট্যাডে অবরোধ করে তারা বিক্ষেপ সমাবেশ করে। শাহজাদপুর সচেতন নাগরিকের ব্যানারে সংহতি জানিয়ে অংশ নিয়েছেন জাতীয়তাবাদী দল বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি শাহজাদপুরের প্রতিনিধিরা। এ ছাড়া শাহজাদপুরের সব শিক্ষা প্রতিষ্ঠানসহ নানা সামাজিক সংগঠন এতে অংশ নেয়। এ সময় বক্তরা রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস বাস্তবায়নের জন্য বর্তমান সরকারের কাছে জোর দিবি জানান। স্থানীয়দের এই কর্মসূচিতে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত হয়ে তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

এরপর রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা মহাসড়কে অবস্থান কর্মসূচি পালন করেন।

এ সময় সংগীত বিভাগের চেয়ারম্যান ইয়াতসিংহ শুভ পরবর্তী কর্মসূচি ঘোষণা দেন। তিনি বলেন, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা ডিপিপির অনুমোদন নিয়ে ক্রমাগত অবহেলা ও কালক্ষেপগে হতাশ ও ক্ষুঁক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা। গত ২৪ জুলাই রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা আলাদা দুটি সংবাদ সংযোগের মাধ্যমে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ডিপিপি অনুমোদনের দাবিতে আন্দোলন কর্মসূচি ঘোষণা করে। রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা গত ২৬ জুলাই রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবসের সকল কর্মসূচি ব্যক্ত করার মধ্য দিয়ে শান্তিপূর্ণ আন্দোলন আরম্ভ করেন।